

**চুয়েট এর স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ ভর্তি পরীক্ষা**  
**শিক্ষাবর্ষ: ২০২৪-২৫, ০১ ফেব্রুয়ারি ২০২৫ ইং (শনিবার)**

**-ঃ পরীক্ষার্থীগণের জ্ঞাতার্থে নির্দেশাবলী :-**

**A. সাধারণ তথ্যাবলী :**

- পরীক্ষার সময় : গ্রুপ 'ক' : সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত  
গ্রুপ 'খ' : সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:৪৫ ঘটিকা পর্যন্ত
- পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে/অবলম্বনের চেষ্টা করলে অথবা অন্য কারো সাথে কোন দুর্ব্যবহার করলে পরীক্ষার্থীকে কক্ষ হতে বহিষ্কার করা হবে এবং তার পরীক্ষা বাতিল হয়ে যাবে।
- পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে কোন পরীক্ষার্থী পরীক্ষাকক্ষে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা শুরুর পর ১ ঘণ্টা ৩০ মিনিট অতিবাহিত না হলে এবং উত্তরপত্রে প্রত্যবেক্ষকের স্বাক্ষর না হলে কোন পরীক্ষার্থী পরীক্ষাকক্ষ ত্যাগ করতে পারবে না।
- পরীক্ষা শুরুর পর সাধারণভাবে পরীক্ষার্থীকে Wash Room এ যাওয়ার অনুমতি দেয়া যাবে না।
- পরীক্ষার কক্ষে মোবাইল ফোন, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, রুলার, সেট স্কয়ার, কম্পাস, কোন প্রকার ব্যাগ, ইলেক্ট্রনিক ঘড়ি বা অন্য কোন প্রকার ইলেক্ট্রনিক যন্ত্রপাতি আনা সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- ভর্তি পরীক্ষার সময় পরীক্ষাকক্ষে কেবলমাত্র কলম, পেন্সিল, ইরেজার (Eraser) ও ক্যালকুলেটর আনা যাবে। শুধুমাত্র নিম্নবর্ণিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সর্বোচ্চ ০২টি ক্যালকুলেটর পরীক্ষাকক্ষে ব্যবহার করা যাবে।

CANON	F200	F401	F402	F500	F501	F502
	F601	F602	F604	F612	F720	
CASIO	FX82 SUPER	FX82MS				
	FX100MS	FX100 ES	FX100 ES PLUS			
	FX115MS					
	FX570MS	FX570ES	FX570 ES PLUS	FX570W		
	FX911MS	FX911S				
	FX991D	FX991ES	FX991 ES PLUS	FX991H	FX991MS	
	FX992S	FX991EX	FX 991 CW			
SHARP	EL506L	EL506R	EL506V	EL509G	EL509L	EL509R
	EL509V	EL510R	EL520G	EL520L		
	EL531GH	EL531LH	EL531P	EL531RH	EL531V	EL531VB
	EL531VH	EL546G	EL546L	EL546R	EL546VA	
	EL553	EL556G	EL556L			
TEXAS INSTRUMENTS	BA35SOLAR	BA REAL ESTATE	BAIPLUS			
	TI 25STAT	TI 30 Challenger	TI 30X SOLAR	TI 30XA	TI 30X	TI-30XIIS
	TI-30XIIB	TI 32 Xplorer PLUS	TI 36 SOLAR	TI 35X	TI 34	TI 36X SOLAR

**B. লিখিত পরীক্ষার ক্ষেত্রে প্রযোজ্য ('ক' ও 'খ' উভয় গ্রুপের জন্য) :**

- লিখিত পরীক্ষা সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত চলবে।
- পরীক্ষার্থীগণ উত্তর প্রদানের জন্য প্রাপ্ত খাতায় “পরীক্ষার্থী পূরণ করবে (বাংলায়)” এর নীচে আবশ্যিকভাবে কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা ভর্তি পরীক্ষার রোল নং বাংলায় অংকে ও কথায় লিখবে।
- “To be filled up by the Invigilator” অংশে পরীক্ষার্থী কোনো কিছুই লিখবে না।
- পরীক্ষার্থী ভর্তি পরীক্ষার রোল নম্বর লেখার নির্ধারিত স্থান ছাড়া অন্য কোন স্থানে নাম, রোল নম্বর বা অন্য কোন সাংকেতিক চিহ্ন লিখে থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রশ্নের নীচে খালি অংশে উক্ত প্রশ্নের উত্তর লিখতে হবে। প্রয়োজনে বামদিকের পৃষ্ঠা ব্যবহার করা যেতে পারে।
- প্রশ্নপত্রে ৪(চার) টি বিষয়ে সর্বমোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন আছে। পদার্থ বিজ্ঞান, গণিত, রসায়ন বিষয়ে পৃথকভাবে প্রত্যেকটিতে ১৫টি করে প্রশ্ন ও ইংরেজি বিষয়ে ৫টি সহ মোট ৫০টি প্রশ্ন দেয়া আছে।
- পরীক্ষা শুরুর পূর্বে প্রশ্নপত্রে ১ হতে ৫০ পর্যন্ত প্রশ্ন আছে কিনা দেখে নিতে হবে এবং এবং কোনো পৃষ্ঠা বাদ থাকলে অথবা অস্পষ্ট ছাপানো থাকলে প্রত্যবেক্ষককে জানাতে হবে।
- রাফ ক্যালকুলেশনের জন্য প্রশ্নপত্রের যে কোন অংশ ব্যবহার করা যাবে। এছাড়া অন্য কোনো কাগজ ব্যবহার করা যাবে না।
- পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীগণ উত্তরলিখিত প্রশ্নপত্র জমা দিবে।
- ‘খ’ গ্রুপের পরীক্ষার্থীগণের মুক্তহস্ত অংকন পরীক্ষা একই আসনে দুপুর ১২:৪৫ ঘটিকায় শুরু হবে।

**C. মুক্তহস্ত অংকন (শুধুমাত্র ‘খ’ গ্রুপের জন্য প্রযোজ্য) :**

- ‘খ’ গ্রুপের মুক্তহস্ত অংকন একই আসনে দুপুর ১২:৪৫ ঘটিকা থেকে দুপুর ০১:৪৫ ঘটিকা পর্যন্ত চলবে।
- মুক্তহস্ত অংকনের ক্ষেত্রে ০৪(চার) টি প্রশ্ন থাকবে। সংশ্লিষ্ট উত্তর প্রশ্নের নীচে দেওয়া বক্সের ভিতর সীমাবদ্ধ রাখতে হবে।
- মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যাবে।
- পরীক্ষার্থীকে সরবরাহকৃত প্রশ্নপত্রের টপশীটের নির্ধারিত স্থানে ভর্তি পরীক্ষার রোল নম্বর বাংলায় (অংকে ও কথায়) লিখতে হবে। প্রত্যবেক্ষকের লেখার ও স্বাক্ষর করার স্থানে পরীক্ষার্থী কোন কিছুই লিখবেনা।